# ভারতের সঙ্গে বিএনপির চুক্তি দাবি ভিত্তিহীন: মাহদী আমিন




সংগৃহীত ছবি

বিএনপির মুখপাত্র মাহদী আমিন ভারতের সঙ্গে দলের কোনো চুক্তির দাবি সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন বলে মন্তব্য করেছেন। তিনি বলেন, এমন দাবি করার কোনো প্রমাণ নেই এবং এটি রাজনৈতিক অপকৌশল মাত্র।

শনিবার (২৪ জানুয়ারি) গুলশানে বিএনপির নির্বাচনী কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি আরও জানান, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য ভোটার অভিযোগ ও মতামত গ্রহণের উদ্দেশ্যে হটলাইন নম্বর ১৬৫৪৩ এবং হোয়াটসঅ্যাপ হটলাইন ০১৮০৬৯৭৭৫৭৭ চালু করা হয়েছে।

মাহদী আমিন বলেন, ইতিমধ্যে হটলাইনের মাধ্যমে অসংখ্য মানুষ যোগাযোগ করেছেন এবং সমাধান পেয়েছেন। তিনি আরও উল্লেখ করেন, ফ্যামিলি ও কৃষক কার্ড দেওয়ার নামে প্রতারক চক্রের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে এবং বিএনপি ক্ষমতায় এলে তা সরকারি কর্তৃপক্ষের মাধ্যমে সঠিকভাবে বিতরণ করা হবে।

LENS ASIA